

## বাগেরহাট জেলা উন্নয়ন মেলা-২০১৮ এর তদারকির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বাগেরহাট জেলা সফর

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব এবং বাগেরহাট জেলা উন্নয়ন মেলা-২০১৮ এর তদারকির দায়িত্বপ্রাপ্ত ড. নমিতা হালদার এনডিসি ১১ থেকে ১৩ জানুয়ারি বাগেরহাট জেলা সফর করেন। এসময় তিনি বাগেরহাট জেলা ও এর উপজেলাসমূহের উন্নয়ন মেলা-২০১৮ পরিদর্শন করেন। ১২ জানুয়ারি শুক্রবার বিকাল-০৫.০০ ঘটিকায় মোংলা উন্নয়ন মেলা-২০১৮ পরিদর্শন করেন এবং মেলা উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান সরকারের প্রচেষ্টায় দক্ষিণ জনপদসহ সারাদেশে অভূতপূর্ব উন্নয়ন সাধিত হয়েছে। মোংলা বন্দর ঘুরে দাড়িয়েছে। তিনি আরও বলেন, ২০২১ সালের আগেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হবে। আলোচনা শেষে ভারপ্রাপ্ত সচিব উন্নয়ন মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।



মোংলাঃ উন্নয়ন মেলার ২য় দিনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব ড. নমিতা হালদার। ১২-০১-২০১৮

## প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উন্নয়ন মেলা-২০১৮ তে অংশগ্রহণ

উন্নয়ন মেলা-২০১৮ উপলক্ষ্যে সারাদেশে ৩ দিন ব্যাপী (১১-১৩ জানুয়ারি) মেলায় অংশগ্রহণ করে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)। ৬৪ টি জেলায় অনুষ্ঠিত উন্নয়ন মেলায় সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরতে এ মেলার আয়োজন করা হয়। উন্নয়ন মেলায় ৬৪ টি জেলার মধ্যে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ১০ টি জেলায় প্রথম, ৭ টি জেলায় দ্বিতীয় এবং ৯ টি জেলায় তৃতীয় স্থান অধিকার করে। এছাড়াও ৪ টি জেলায় সেরা ১০ এর মধ্যে স্থান লাভ করে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বাংলাদেশের মন্ত্রণালয়ের মধ্যে সেরা মন্ত্রণালয় হিসেবে নির্বাচিত হয়।